


**Publication:** - Khabor 365 Din

**Date:** - 12<sup>th</sup> February, 2020

**Page :-** 05

**The Bengal Chamber supported by Exide Industries floats a unique initiative –“Apish Parar Khabar” in an effort to promote Dalhousie area and preserve its unique food street food culture**



## অফিস পাড়ার স্ট্রিট ফুড বাঁচাতে বিশেষ কর্মশালা

ডালহৌসি অঞ্চলের ঐতিহ্যবাহী অনন্য স্ট্রিট ফুড স্ট্রিককে সংরক্ষণের জন্য এক্সাইড ইন্ডাস্ট্রিজ ও দ্য বেঙ্গল চেম্বার ‘আপিস পাড়ার খাবার’ নামে একটি উদ্যোগ নিয়েছে। কলকাতার ডালহৌসি সর্বদাই বাণিজ্যিক অঞ্চল বা আপিস পাড়া হিসাবে সুপরিচিত। কিন্তু বর্তমানে শহরের সীমানা বাড়ছে ও শহরের সীমাবদ্ধতা আরও প্রসারিত হচ্ছে। সন্টলেক ও রাজারহাট অঞ্চলে ছড়িয়ে পড়েছে। তবুও ডালহৌসিকে এখনও প্রধান বাণিজ্যিক অঞ্চল হিসাবে বিবেচনা করা হয়। এই ঐতিহ্যবাহী অঞ্চলের বিকাশের প্রয়াসে বেঙ্গল চেম্বার অ্যান্ড এক্সাইড ইন্ডাস্ট্রিজ আপিস পাড়ার খাবার নামে নয়া ও অভিনব উদ্যোগ নিয়েছে। যেখানে ৫০জন বিক্রেতাকে নিয়ে চারটি কর্মশালার আয়োজন করা হয়েছে। চূড়ান্ত

কর্মশালা ১১ ফেব্রুয়ারি, থাকবে ১০টি স্টল। যা ২২ শে ফেব্রুয়ারি লায়সপ রেঞ্জ - স্টক এক্সচেঞ্জের রাস্তা থেকে বেঙ্গল চেম্বারে যাওয়ার রাস্তায় গালা স্ট্রিট ফুড ফেস্টিভালের আয়োজন করা হবে। যার আনুষ্ঠানিক সূচনা হয়েছে ২০২০ সালের ২ জানুয়ারি থেকে। দ্য বেঙ্গল চেম্বারের ডিরেক্টর জেনারেল শ্রী শুভদীপ ঘোষ বলেন, ‘আমাদের চিন্তা-ভাবনা ছিল, যীদের হাতে এত সুস্বাদু খাবার প্রস্তুত হচ্ছে, এই অফিস পাড়ায়, তাঁদের সুরক্ষা, তাঁদের ঐতিহ্যকে সংরক্ষণ করার জন্য আমরা কী কী পদক্ষেপ নিতে পারি। আর আমরা এও ভেবেছি যে এঁদের আরও আধুনিক, উন্নত ও সময়োপযোগী করে তোলা গেলে এই শহরের ট্যুরিজম ব্যবস্থাও আরও উন্নত ও অগ্রসর হবে।

106 d, block-f  
new alipore  
kolkata 700 053  
i n d i a

W +91 33 2445 2766  
info@greymatterpr.com  
www.greymatterpr.com